সুন্দরম্‌

নিবেদিত

# অন্তর্ষি



পরিচালনা. উমাপ্রসাদ মৈত্র

সঙ্গীত. শ্যামল মিত্র

চিত্রগ্রহণ. দীনেন গুপ্ত



॥ ভারতীয় চলচ্চিত্রের পথিকৃৎ ৺হীরালাল সেনের
স্মৃতির উদ্দেশ্যে উৎসর্গীকৃত ॥

# সুন্দরম নিবেদিত

সত্য ঘটনা অবলম্বনে

# "সপ্তর্ষি"

| চিত্রনাট্য ও পরিচালনা : | সংগীত পরিচালনা : | গীত ও সংলাপ : |
|---|---|---|
| **উমা প্রসাদ মৈত্র** | **শ্যামল মিত্র** | **গৌরীপ্রসন্ন মজুমদার** |

প্রযোজনায় :

**শশাঙ্ক শেখর দে ॥ সুধীন মল্লিক ॥ সমীর গুপ্ত ॥**
**সৌরীন দাস ॥ দুর্গাদাস সেন ॥**

চিত্রগ্রহণ—দীনেন গুপ্ত
সম্পাদনা—অমিয় মুখার্জী
শিল্পনির্দ্দেশনা—বিজয় বসু
শব্দযন্ত্রী—বাণী দত্ত
সংগীত ও শব্দপুনর্যোজনা :
শ্যামসুন্দর ঘোষ
পটশিল্পী—কবি দাসগুপ্ত
আলোক সম্পাত—হরেন গাঙ্গুলী
সাজ-সজ্জা—বৈজুরাম শর্মা
রসায়নাগারে—অবনী রায়
মোহন চ্যাটার্জী
তারাপদ চৌধুরী
আবহ-সংগীত—সুর ও শ্রী অর্কেষ্ট্রা

কণ্ঠ সংগীতে—সন্ধ্যা মুখার্জী
শ্যামল মিত্র
ব্যবস্থাপনা—দিলীপ সেন
প্রচার-পরিকল্পনা—রঞ্জিৎকুমার মিত্র
স্থির-চিত্র—এড্‌না লরেঞ্জ
প্রচার-শিল্পে—স্লাইড্‌কো
গোরাচাঁদ রায়
নির্ম্মল রায়
পরিচয়লিপি—রতন বরাট
রূপসজ্জা—নৃপেন চ্যাটার্জী
দৃশ্য-সজ্জা—সুনীল দাস ( মারু )
শান্তিরঞ্জন দাস
স্পেশাল এফেক্ট লেন্স সরবরাহকারক
প্রিমিয়ার অপটিক্যাল কোং

নৃত্য :—পি, গঙ্গাধর রাও ও হায়দ্রাবাদ মুভীজ ( মাদ্রাজ )-এর সৌজন্যে।

**ক্যালকাটা মুভীটোন ষ্টুডিওতে গৃহীত এবং আর, বি, মেহতার তত্ত্বাবধানে ইণ্ডিয়া ফিল্ম ল্যাবরেটরীতে পরিস্ফুটিত।**

॥ পরিবেশনায় ॥

দিবাকর চিত্রম্‌ ( কলিকাতা )
ইম্পি ফিল্ম্‌ ডিষ্ট্রিবিউটার্স ( মফঃস্বল ও অন্যত্র )

# গল্পাংশ

ওরা ঝড়ের বেগে আসে আর তীরের বেগে যায়। সমাজের চোখে ওরা বিভীষিকা, রাষ্ট্রের চোখে কলঙ্ক, পুলিশের চোখে শত্রু—এরা দুর্দ্ধর্ষ ডাকাত। শুধু লুট আর লুট, সোনা আর গহনা। এমনি এক লুটের দিনে নিয়তির চক্রান্তে সোনা-গহনার সঙ্গে এলো ওপরি পাওনার মতো রাজা।


ছোট্ট নাম।

ছোট্ট রাজা, কিন্তু কি তার বিক্রম?

একের পর এক সবাই যখন ফিরে গেল পরাজয়ের গ্লানি নিয়ে তখন রিভলবার উঁচিয়ে এলো দলের সর্দ্দার; কিন্তু নিস্ফল আক্রমণে সেও যেন কুঁকড়ে গেল রাজার বিক্রমে। সর্দ্দার বলে, ছেড়ে দে ছেলেটা বড় পয়া, ওকে মারিস না।" সবাই মুখোমুখি হয়, প্রশ্ন উঠে, কিন্তু ?.........

কোন কিন্তু নেই, শুধু রাজার জন্য অপহৃতা হলেন শহরের নামজাদা ধাত্রী সবিতা। একদিকে রাজা, অন্যদিকে সবিতা। দলে কানাকানি, শেষটায় জানাজানিও হয়। একটি অবোধ শিশু আর একটি নিরীহ নারীই কি দলটাকে ভাঙিয়ে দেবে?

অন্যদিকে তৎপরতা বাড়ে পুলিশের। বড়কর্ত্তা প্রশ্ন করেন সহকারী কে—"এই ছবিটা দেখে কি মনে হয় আপনার? সহকারী আচমকা প্রশ্নে থমকে যায়। বড়বাবু নিজের মনে বলে যান— "শিক্ষিত ভদ্র সন্তান, প্রেসিডেন্সিতে আমার সহপাঠী ছিলো।







জীবনে কোন দিন সে দ্বিতীয় হয় নি, আজো এই পাহাড়ী অঞ্চলের অদ্বিতীয় এই ডাকাত আমার বন্ধু·····

·········রাতের অন্ধকারে পালাতে গিয়ে সবিতা ধরা পড়ে বিমলের হাতে। বিমল বলতে যায় আমরা নির্দ্দয়-নির্ম্মম, সমাজের বিভীষিকা, ডাকাত! তাই বলে একটি নির্দ্দোষ-নিঃস্পাপ শিশুকে নির্ম্মম ভাবে হত্যা করবার মতো মানষিক বিকৃতি আমাদের এখনও ঘটে নি। শুধু এই রাজার জন্যই আপনাকে থাকতে অনুরোধ করছি, পালাবার চেষ্টা আর করবেন না।

"কিন্তু একদল ডাকাতের মধ্যে আমিই বা নিজেকে কেমন করে নির্ভয়ে সপে দিতে পারি? পারি কি এই অসহায় অবস্থায় নিজের মান ইজ্জতের এতোটুকু নির্ভয় ঠাঁই খুঁজে নিতে?"

"কথা দিলাম, আপনার সম্মানের এতোটুকু হানি হলে তার জন্য প্রাণ দিতে প্রস্তুত থাকবো।"

প্রস্তুত থাকতে কড়া আদেশ আসে সর্দ্দারের কাছ থেকে। দলের 'ইনফর্মার' খবর এনেছে একটি "মোটা দাও"-এর। এ-মৌকা হাতছাড়া করা যায় না। শ'নয়, হাজার নয়, এক থোক ষাট লাখ। শুধু ট্রেনটাকে কোন রকমে লাইনচ্যুত করতে পারলেই ব্যস।

প্রথমটায় কেউ রাজী হয় নি শুধু নির্দ্দোষ যাত্রীদের কথা ভেবে, কিন্তু টাকা! লোভের বসে সর্দ্দার বিমলকে ডেকে বলেন—দুখী সিগনাল দেবে আমায়, আমি দেবো তোমায়, তুমি চার্জ করবে ডিনামাইটে। ব্যস্ কাজ হাসিল্।

কিন্তু চার্জ করতে গিয়ে বিমল থমকে গেল কেন? ট্রেন যে এসে গেল, আলো আর আলো, এতো আলো কিসের? ইঞ্জিনের না জীপের? কাদের জীপ? ঐ জীপে সবিতা আর রাজা? সব প্রশ্নের জবাব দেবে বিমল, শুনবে রাজা, শুনবে সবিতা।······





# সঙ্গীত

১

শুধু কি মুখ ফিরিয়েই রবে
যদি না শোন তবে গান গেয়ে কি হবে॥

তবুও কি একটি কথাও বলবে না
এমন করে নীরব থাকা চলবে না
জানি না তো কখন কথা কবে
যদি না শোন তবে গান গেয়ে কি হবে॥

তবে কি কিছু পাওয়ার গৌরবে
ফুলেরই এ রাত যেন ভরে শুধু
মৃদু মধু সৌরভে।

যখনই আর মন লুকিয়ে রাখবে না
সেই নিমেষেই আড়াল কিছু থাকবেনা।
তখনই তো আমায় ডেকে লবে।
যদি না শোন তবে গান গেয়ে কি হবে॥

২

খোকনসোনা চাঁদের কণা দু'চোখে তার ঘুম
কচি মুখে আধো কথা হলো যে নিঃঝুম।

সারাটিদিন ডাকাতসোনা করবে শুধু দস্যিপনা
রক্ষা পেয়ে পাড়া জুড়ায় শান্ত হলো মন
করবে না আর খোকন
আমার কোনোই জ্বালাতন
ঘুম আয়, ঘুম আয় রে॥

খোকন এবার ভাল হবে
সবাই তারে ভাল কবে
বিরাট মানুষ লুকিয়ে আছে
বুকের মাঝে তার।

কোন দিনও দুষ্টুমি সে করবে না তাই আর
ঘুম আয়, ঘুম আয় রে॥






॥ কৃতজ্ঞতা স্বীকার ॥

ভি, সুব্রাহ্মনিয়াম্॥ হরিসাধন দাসগুপ্ত॥ নিতাই দে॥ কাজল গুপ্ত॥
রমেন গুপ্ত॥ নীতা সেন॥ প্রভাত ঘোষ (ছক্কু)॥ সুকুমার চক্রবর্ত্তী॥
অসীম দত্ত॥ দি, আরমারী॥ মেসার্স ধর্মদাস সেন॥ কিশোর সঙ্ঘ
(ধানবাদ)॥ মেসার্স শামতা ট্রান্সপোর্ট (ধানবাদ)॥
অমা ঘোষ॥ দীনেশ দে॥


## ভূমিকায়ঃ

**কালী ব্যানার্জী॥ দিলীপ মুখার্জী॥ নিরঞ্জন রায়॥ দিলীপ রায়॥**
রবি ঘোষ॥ তপন চ্যাটার্জী॥ জ্ঞানেশ মুখার্জী॥ শ্যাম লাহা॥
মণি শ্রীমানী॥ অনিল গুহ॥ বিদ্যুৎ ভট্টাচার্য্য॥ জয়ন্ত ভট্টাচার্য্য॥
ঋষি ব্যানার্জী॥ সুখময় সেন॥ জীবন ঘোষ॥ সুনীত সাহা॥ বৈজুরাম
শর্মা॥ কানু ঘোষ॥ সমীর চক্রবর্ত্তী॥ অশোক সরকার ও
**মাঃ রাজা**
গীতা দে॥ রেণুকা রায়॥ বুলবুল গাঙ্গুলী॥
পদ্মিনী প্রিয়দর্শিনী (মাদ্রাজ)॥ সুকুমারী (মাদ্রাজ)॥
শেলী পাল॥ কুমারী বাবুই এবং
**কাজল গুপ্ত**

## সহকারীবৃন্দঃ

পরিচালনায়ঃ রাজকুমার রায়চৌধুরী. শচীদুলাল মুখার্জী
সংগীতঃ শৈলেন রায়॥ চিত্রশিল্পেঃ সুনীল চক্রবর্ত্তী, কেষ্ট মণ্ডল॥
সম্পাদনায়ঃ সুনীত সাহা, শক্তিপদ রায়
শিল্প-নির্দ্দেশেঃ সুরথ দাস॥ ব্যবস্থাপনায়ঃ বিনয় দাস, হাবুল রায়
শব্দযন্ত্রেঃ ঋষি ব্যানার্জী, পাঁচু মণ্ডল॥ প্রচারেঃ পিণ্টু দত্ত
রূপসজ্জায়ঃ অক্ষয় দাস॥ দৃশ্যসজ্জাঃ সতীশ, সুধীন
আলোক-সম্পাতেঃ সুধীর, অভিমন্যু, দুঃখীরাম, সুদর্শন, অবনী, সন্তোষ।

বিশিষ্ট শিল্পী সমন্বয়ে

প্রস্তুতির পথে—

# সুন্দরম-এর

নবতম প্রচেষ্টা—

# ?

পরিচালনা :

**উমাপ্রসাদ মৈত্র**

সংগীত :

**শ্যামল মিত্র**

চিত্রগ্রহণ :

**দীনেন গুপ্ত**